

AP/ঘা.ক্লি.স্ব.স্ব.স্ব.
ফকন

R-১১০০
২৩/১০/২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
আইসিটি শাখা
www.khulna.gov.bd

তারিখ: ১৪/১০/২০২৪ খ্রিষ্টাব্দ

স্মারক নম্বর- ০৫.৪৪.৪৭০০.০৩২.১৪.০০২.২৪- ১১০(৭০)৫৫

বিষয়: জাতীয় তথ্য বাতায়নের তথ্যাদি নিয়মিত হালনাগাদ প্রসঙ্গে

সূত্র: সচেতন নাগরিক কমিটি (সনাক)- টিআইবি, খুলনার স্মারক নং- টিআইবি/সনাক- খুলনা/প্যাকটা/২০২৪/৬৩, তারিখ-
২৩ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় তথ্য বাতায়নের অন্তর্ভুক্ত খুলনা জেলার বিভিন্ন সরকারি দপ্তরের ওয়েবসাইটগুলো জনগণের সেবা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

এমতাবস্থায়, আপনার নিজ দপ্তরসহ আওতাধীন অফিসসমূহের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ফর্দ

১৪/১০/২০২৪

সাদিয়া আফরিন

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা
ফোন: ০২৪৭৭৭২৬৩৮১ (অফিস)

ই-মেইল: adceduictkhulna@mopa.gov.bd

প্রাপক:

- ১। পুলিশ, সুপার, খুলনা
- ২। সিভিল সার্জন, খুলনা
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব/পরিচালক/উপপরিচালক/ নির্বাহী প্রকৌশলী
....., খুলনা
- ৪। জেলা.....কর্মকর্তা, খুলনা
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা
- ৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা

অনুলিপি:

- ১। সহকারী কমিশনার (গোপনীয়), খুলনা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২। সচেতন নাগরিক কমিটি (সনাক), খুলনা
- ৩। অফিস কপি



ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ

দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ

সচেতন নাগরিক কমিটি (সনাক), খুলনা

ছোট মির্জাপুর, হোল্ডিং নং: ৭ (দোতলা), খুলনা।

মোবাইল : ০১৭১৪-০৯২৮২৪ ফোন : ০২৪৭৭৭২৯৬৯৫

ইমেইল: ccc.khulna@ti-bangladesh.org, abdullah@ti-bangladesh.org

০১ কার্তিক ১৪৩১

১৭ অক্টোবর ২০২৪

সূত্র: টিআইবি/সনাক-খুলনা/ প্যাকটা /২০২৪/৭১

বরাবর

উপজেলা নির্বাহী অফিসার

দিঘলিয়া উপজেলা, খুলনা

বিষয়: জাতীয় তথ্য বাতায়নের তথ্যাদি নিয়মিত হালনাগাদ করার জন্য জেলা প্রশাসক, খুলনা অফিস কর্তৃক ইস্যু করা চিঠির নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

মহোদয়,

সচেতন নাগরিক কমিটি (সনাক), খুলনা ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) র পক্ষ থেকে শুভেচ্ছা নেবেন।

আপনি নিশ্চয় অবগত আছেন যে, টিআইবি'র অনুপ্রেরণায় গঠিত সচেতন নাগরিক কমিটি (সনাক), খুলনা ২০০৫ সাল থেকে দুর্নীতি রোধ ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে খুলনাতে দুর্নীতিবিরোধী বিভিন্ন কার্যক্রম পরিচালনা করেছে। টিআইবি ও সনাক মনে করে, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত না হলে দুর্নীতি রোধ সম্ভব নয়। আর স্বচ্ছতা ও জবাবদিহিতার পূর্বশর্ত হলো তথ্যের উন্মুক্ততা। দেশে তথ্যের নিশ্চিতের অবাধ প্রবাহ মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং দুর্নীতি নিয়ন্ত্রণের লক্ষ্যে তথ্য অধিকার আইন-২০০৯ ও জনস্বার্থে তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) আইন পাশ, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন, অনলাইনভিত্তিক জাতীয় তথ্য ভাণ্ডার তৈরি, ওয়েবপোর্টালের মাধ্যমে তথ্য প্রকাশের ব্যবস্থাসহ নানা উদ্যোগ গ্রহণ করেছে, যা সুশাসন প্রতিষ্ঠায় উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। সরকারের এসকল উদ্যোগকে আরো কার্যকর ও ফলপ্রসূ করার মধ্য দিয়ে দুর্নীতি হ্রাসকরণে অধিকতর অনুকূল পরিবেশ সৃষ্টিতে সহায়কের ভূমিকা পালন করতে সনাক-টিআইবি কাজ করেছে। এই কাজের ধারবাহিকতায় সচেতন নাগরিক কমিটি (সনাক) খুলনা ২০২৪ সালে ১১-১২ সেপ্টেম্বর তারিখের মধ্যে খুলনা জেলার অধীনে বিদ্যমান সরকারি প্রতিষ্ঠানসমূহের ওয়েবপোর্টালগুলোর বর্তমান অবস্থা পর্যালোচনা কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করেছিল এবং প্রাপ্ত ঘটতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টিগোচরে আনার জন্য গত ২৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখে জেলা প্রশাসক, খুলনা বরাবর পর্যবেক্ষণ কার্যক্রমের সারাংশ প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে প্রেরণ করা হয়েছিল।

পর্যবেক্ষণ কার্যক্রমের সারাংশ প্রতিবেদনের সুপারিশের অংশ হিসাবে গত ১৪ অক্টোবর ২০২৪ তারিখে জেলা প্রশাসন, খুলনা থেকে একটি নির্দেশনামূলক চিঠি ইস্যু করা হয়েছে, যার স্মারক নং ০৫.৪৪.৪৭০০.০৩২.১৪.০০২.২৪-১২৩ (৭০)। উক্ত চিঠির বিষয়বস্তুর অংশ হিসাবে আপনার আওতাধীন সকল অফিসসমূহের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ রাখার জন্য একটি নির্দেশনামূলক চিঠি ইস্যু করার জন্য অনুরোধ করছি।

এ বিষয়ে কোনো জিজ্ঞাসা বা সহযোগিতার প্রয়োজন হলে জানাতে দ্বিধা করবেন না।

ধন্যবাদসহ

এ্যাড. কুদরত-ই-খুদা

সভাপতি

সচেতন নাগরিক কমিটি (সনাক), খুলনা।

সংযুক্তিঃ

১। জেলা প্রশাসন, খুলনা কর্তৃক ইস্যু করা চিঠি